# ইউসিসিএ'র নিজস্ব তহবিল ঋণ বিতরণ নীতিমালা

সরেজমিন বিভাগ, ঋণ শাখা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

-১৮৮-

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
" পল্লী ভবন"
৫, কাওরান বাজার, ঢাকা।
Website: www.brdb.gov.bd

পিএবিএক্সঃ৮১৮০০৩০-৩৪

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৩৩১৯ তারিখঃ ০৬.০৬.২০১৮খ্রিঃ।

**বিষয়ঃ ইউসিসিএ'র নিজস্ব তহবিল থেকে ঋণ বিতরণের সংশোধিত নীতিমালা প্রেরণ।**

ইউসিসিএগুলোকে ব্যাংক ঋণের উপর নির্ভরশীলতা কমিয়ে স্বয়ং-সম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে ব্যাংকে জমাকৃত নিজস্ব তহবিলের অর্থ স্ব-স্ব ইউসিসিএ'র আওতাভূক্ত সমবায়ীদের মধ্যে ঋণ হিসাবে বিতরণের জন্য স্মারক নং- বাপউবো /ঋণ/সাধা-৪২/০৬/৬৪৬৯,তারিখঃ০৭.০৯.২০০৬ খ্রিঃ মূলে জারীকৃত ইউসিসিএ'র নিজস্ব তহবিল থেকে ঋণ বিতরণ নীতিমালা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্মোক্তভাবে সংশোধন করা হলোঃ

১ প্রত্যেক উপজেলায় **নিজস্ব তহবিলের সর্বোচ্চ ৭৫% পর্যন্ত ঋণ বরাদ্দ করা যাবে। নিজস্ব তহবিল বলতে সদস্যদের জমাকৃত শেয়ার, সঞ্চয়ের ৭৫% এবং ইউসিসিএলিঃ এর হিসাবে জমাকৃত দায়বিহীন অন্যান্য তহবিলকে বুঝাবে।**

২ ইউসিসিএ'র নিজস্ব তহবিল হতে ঋণ বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাব বাৎসরিক অনুমোদিত বাজেটভূক্ত হতে হবে।

৩ নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ সরকার প্রদত্ত কোনরূপ (আসল, সুদ, দন্ডসুদ) মওকুফ বা রেয়াতী সুবিধার আওতাভূক্ত হবে না। ঋণ বিতরণের পূর্বেই এমর্মে ঋণ গ্রহীতাদের নিকট থেকে অংগীকারপত্র গ্রহণ করতে হবে।

৪ বাংলাদেশ ব্যাংক থেকে জারীকৃত ফসল উৎপাদন সংক্রান্ত ঋণ বিতরণ, আদায় এবং ঋণ সীমা (ঋণ নিয়মাচার) অনুসরণ করে ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে।

৫ ঋণের বিপরীতে প্রচলিত নিয়মানুযায়ী আনুপাতিক হারে শেয়ার ও সঞ্চয় জামানত হিসেবে রাখতে হবে।

৬ ঋণ গ্রহীতাদের ছবিসহ পাশ বহি সরবরাহ করে উহা অবশ্যই সংরক্ষণ করতে হবে।

৭ প্রচলিত ব্যাংকিং পরিকল্পনা অনুসারে ঋণ গ্রহিতা সদস্য ও প্রাথমিক সমিতি থেকে বিতরণকৃত ঋণের অনুকূলে প্রয়োজনীয় জামানত ও দলিলপত্র গ্রহণ করতে হবে।

৮ **ব্যাংকিং পরিকল্পনা অনুসারে ঋণ প্রক্রিয়াকরণ পূর্বক উপপরিচালক, জেলা দপ্তর ২০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ অনুমোদন** দিতে পারবেন। **৫০.০০ লক্ষ পর্যন্ত পরিচালক(সরেজমিন) এবং ৫০.০০ লক্ষ টাকার অধিক হলে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন নিতে হবে।**

৯ ইউসিসিএ'র সদস্যপদ প্রাপ্ত প্রাথমিক সমিতিতে ঋণ বিতরণ করা যাবে। তবে পূর্বে গৃহীত ঋণ যে সমস্ত সমিতি সময়মত পরিশোধ করেছে সে সমস্ত সমিতিতেই এ ঋণ কার্যক্রম সীমাবদ্ধ রাখতে হবে।

১০ সরকারের ক্ষুদ্র ঋণ নীতিমালার আওতায় বিতরণকৃত ঋণের ন্যায় ইউসিসিএ'র নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণের সেবামূল্য সরল হারে (Flat rate method) নিম্মোক্ত বিভাজন মোতাবেক ১১% আদায়যোগ্য হবেঃ

| | | |
|---|---|---|
| ক) | ইউসিসিএ'র কমিশন | ৪.৫০% |
| খ) | ম্যানেজার কমিশন | ০.৫০% |
| গ) | কু-ঋণ তহবিল | ১% |
| ঘ) | কর্মচারী তহবিল (বেতন ভাতা) | ৫% |
| | মোট | ১১% |

১১ ফসলী ঋণের পাশাপাশি নিম্ম বর্ণিত বিষয়ের যে কোন একটি কর্মকান্ডে চাহিদা মোতাবেক ঋণ বিতরণ করা যাবে।

| | | | |
|---|---|---|---|
| ক। গরু মোটাতাজাকরণ | খ। দুগ্ধবতী গাভী পালন | গ। মৎস্য চাষ | ঘ। হাঁস মুরগী পালন |
| ঙ। সবজী চাষ | চ। জাল বোনা | ছ। মুড়ি ভাঁজা | জ। ধান ভানা। |

উক্ত ঋণ সাপ্তাহিক/ মাসিক কিস্তিতে আদায় করতে হবে।

১২। ঋণ গ্রহিতা সদস্যদেরকে ইউসিসিএ'তে এনে ঋণ বিতরণ করতে হবে।

১৩। ঋণ বিতরণের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম পরিলক্ষিত হলে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রার ক্ষেত্রে কমপক্ষে ৯০% ঋণ আদায় না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতা বন্ধ থাকবে। একই ভাবে বার্ষিক লক্ষ্যমাত্রার ক্ষেত্রে ১০০% বিতরণ ও আদায় না হলে বার্ষিক বর্দ্ধিত বেতন বন্ধ থাকবে।

১৪। নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট ইউসিসিএ'র কার্য-নির্বাহী পরিষদসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ দায়ী থাকবেন।

১৫। জারীকৃত নীতিমালা বাস্তবায়নে সমবায় আইন ও বিধিমালা অনুসরণযোগ্য।

১৬। ইতোপূর্বে জারীকৃত নিজস্ব তহবিল ঋণ বিতরণ সংক্রান্ত নীতিমালা বাতিল বলে গণ্য হবে এবং প্রয়োজনবোধে ভবিষ্যতে এ নীতিমালা পরিবর্তন ও পরিবর্ধনযোগ্য।

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

০৬/০৬/১৮

(মোঃমাহমুদুল হোসাইন খান)
যুগ্মসচিব
পরিচালক(সরেজমিন)।

প্রাপক
উপপরিচালক......................(সকল)
জেলা দপ্তর,বিআরডিবি।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৩৩১৯ তারিখঃ ০৬.০৬.২০১৮খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। যুগ্মপরিচালক(সিসিএম/মউ),বিআরডিবি,ঢাকা।
০২। উপপরিচালক(প্রোগ্রামিং),বিআরডিবি,ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
০৩। সভাপতি,বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন,২২ দিলখুশা বা/এ ,ঢাকা।
০২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিআরডিবি, ঢাকা।
০৩। অফিস নথি।

06.6.18

(এ কে এম আশরাফুল ইসলাম)
উপপরিচালক(ঋণ)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৫১৪৭ তারিখ: ৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়: উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) লিমিটেড এর নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণ নীতিমালা'র সংশোধন।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৩৩১৯, তারিখঃ ০৬/০৬/২০১৮ খ্রিস্টাব্দ।

উর্পযুক্ত বিষয়ের ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি সদর দপ্তর কর্তৃক বিগত ০৬/০৬/২০১৮ তারিখে জারিকৃত 'ইউসিসিএ লিমিটেড এর নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের সংশোধিত নীতিমালা'টি মাঠ পর্যায়ের চাহিদা ও ঋণ বিতরণ সহজীকরণ করার লক্ষ্যে অনুচ্ছেদ নং ৮ ও ১৫ নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপন করা হলোঃ

| অনুচ্ছেদ নং | প্রতিস্থাপিত অনুচ্ছেদ |
|---|---|
| ৮ | আবর্তক (কৃষি) ঋণ নীতিমালা অনুসারে ঋণ প্রক্রিয়াকরণপূর্বক সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, বিআরডিবি ইউসিসিএ লিমিটেড এর নিজস্ব তহবিল হতে যে কোন পরিমাণের ঋণ অনুমোদন করবে। |
| ১৫ | ইউসিসিএ লিমিটেড এর নিজস্ব তহবিল হতে ঋণ অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউসিসিএ'র বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুসরণ করতে হবে। |

২। 'ইউসিসিএ লিমিটেড এর নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণ সংশোধিত নীতিমালা'র বর্ণিত অনুচ্ছেদ ব্যতীত অন্যান্য অনুচ্ছেদ অপরিবর্তিত থাকবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৬/৬/২০২১
সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :
১। পরিচালক (সকল) বিআরডিবি, ঢাকা/সিলেট।
২। যুগ্মপরিচালক/প্রকল্পপরিচালক/নির্বাহীপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/রংপুর/গাইবান্ধা/ফরিদপুর ।
৩। উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তর (সকল)।
৪।উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫।সভাপতি, ইউসিসিএ লিমিটেড (সকল)।
৬।উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)।
৭। অফিস নথি।